# স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৫

## সাম্মানিক বাংলা

### সেমেস্টার : ৪ : কোর্স : ২ (H-8)

সময় : ৩ ঘণ্টা | পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও

### একক - ১

১। প্রাচীন বাংলার সময়সীমা ও নিদর্শন উল্লেখ ক'রে এই পর্বের ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দাও। ১০

২। আধুনিক বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ১০

৩। ধ্বনিপরিবর্তনের কারণগুলি উল্লেখ ক'রে যে-কোনো একটি ধারা সম্পর্কে আলোকপাত করো। ৩+৭=১০

### একক - ২

৪। ওষ্ঠের আকৃতি এবং জিহ্বার অবস্থান অনুসারে বাংলা স্বরধ্বনির শ্রেণিবিভাগ করো। ১০

৫। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত অ-তৎসম শব্দ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

৬। উপভাষা বলতে কী বোঝ ? রাঢ়ী উপভাষার বিভিন্ন বৈশিষ্ট্যের পরিচয় দাও। ১০

### একক - ৩

৭। 'বিড়াল' প্রবন্ধে যে-সমাজচেতনা প্রকাশিত হয়েছে, তা প্রবন্ধটি অবলম্বনে আলোচনা করো। ১০

৮। "প্রীতি সংসারে সর্বব্যাপিনী — ঈশ্বরই প্রীতি।" — এই বক্তব্য অনুসরণে 'কমলাকান্তের দপ্তর'-এর 'একা' প্রবন্ধের তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

৯। 'কিন্তু প্রকৃতপক্ষে দেখিতে গেলে রূপকথা অসম্ভব নহে, উহা একটা বাস্তবতার দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত।' — রূপকথার বাস্তবতা এবং আমাদের জীবনে তার প্রভাব সম্পর্কে লেখকের বক্তব্য 'রূপকথা' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০

১০। (ক) যে-কোনো **দুটি** বিষয়ে উদাহরণসহ আলোচনা করো : ২×৩=৬

(অ) সতম্ (আ) স্বতোনাসিক্যীভবন (ই) বঙ্গালী উপভাষার তিনটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য (ঈ) মৌলিক শব্দ।

(খ) যে-কোনো **একটি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ৪

(অ) গোয়ালিনী (আ) 'ভারতচন্দ্রের শ্রেষ্ঠ কৃতিত্ব তাহার ভাষায়' (ই) নজরুলের ব্যক্তিস্বাতন্ত্র্য।